

নং-২৬.০২.০০০০.০৫২.৪৭.৩২৯.৯৮

১৫-২৫ (৫)

তারিখ: ০৪-০৬-২০১৮


বিজ্ঞপ্তি

এতদ্বারা রপ্তানী উন্নয়ন ব্যুরোতে নিবন্ধিত সকল তৈরী পোশাক এবং বস্ত্র প্রস্তুতকারক ও রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহকে ২০১৮-২০১৯ অর্থবছরের ইপিবি নিবন্ধন সনদ নবায়নের নিমিত্তে আগামী ৩০-০৬-২০১৮ তারিখের মধ্যে নির্ধারিত নিবন্ধন নবায়ন ফি দিয়ে নিজস্ব লেটারহেড প্যাডে নিম্নোক্ত হালমেয়াদী কাগজপত্রের কপি সহ আবেদন পত্র দাখিল করার জন্য অনুরোধ জানানো হলো :-

- ক) ব্র্যাক ব্যাংকের মাধ্যমে ইপিবি'র অনুকূলে জমাকৃত ৩,০০০/- (তিন হাজার) টাকা পে-শ্লিপ
- খ) আবেদনকারীর সত্যায়িত দুই কপি ছবি;
- গ) ট্রেড লাইসেন্সের নবায়িত কপি;
- ঘ) ই আর সি সনদের নবায়িত কপি;
- ঙ) সংশ্লিষ্ট সমিতির সদস্য সনদের নবায়িত কপি;
- চ) বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের নবায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ছ) ফায়ার সার্ভিস সনদপত্রের নবায়িত কপি;
- জ) ফায়ার পলিসির নবায়িত কপি;
- ঝ) গ্রুপ বীমার নবায়িত কপি;
- ঞ) যে সকল প্রতিষ্ঠান অদ্যাবধি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কারখানা ভবনের লে-আউট প্লান ও স্ট্রাকচারাল ডিজাইন এর কপি দাখিল করেনি সে সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে অনুমোদিত লে-আউট প্লান ও স্ট্রাকচারাল ডিজাইন দাখিল করতে হবে।

০২। এখানে উল্লেখ্য যে, আগামী ৩১ জুলাই, ২০১৮ তারিখের পরে নিবন্ধন নবায়ন ব্যতীত রপ্তানী উন্নয়ন ব্যুরো থেকে কোন প্রকার সেবা (জিএসপি, সিও, সাপটা, সাফটা ও আপটা) প্রদান করা হবে না।

০৩। বিজিএমইএ ও বিকেএমইএ এবং অন্যান্য সমিতির সদস্যভুক্ত যে সকল প্রতিষ্ঠান রপ্তানী উন্নয়ন ব্যুরোর চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ শাখা অফিসে সেবা গ্রহণ করে থাকে তাদের নিবন্ধন সনদ নবায়ন করতে সরাসরি ব্যুরোর চট্টগ্রাম এবং নারায়ণগঞ্জ শাখা অফিসে আবেদন করতে পারবে।

  
(মোঃ গোলাম হামদানী)  
সহকারী পরিচালক(বস্ত্র)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সভাপতি, বিজিএমইএ, ২৩/১, পান্থপথ লিংক রোড, কাওরান বাজার, ঢাকা।
০২. সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, সোনারগাঁও রোড, হাতিরপুল, ঢাকা।
০৩. সভাপতি, বিটিটিএলএমইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৪র্থ তলা), ঢাকা।
০৪. সভাপতি, বিএসটিএমপিআইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৩য় তলা), ঢাকা।
০৫. সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।
০৬. পরিচালক, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ১১০২/এ, মোস্তফা সেন্টার (৪র্থ তলা), আত্মবাদ বা/এ, চট্টগ্রাম।
০৭. উপ-পরিচালক (অর্থ), রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা।
০৮. সহকারী প্রোগ্রামার, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই বিজ্ঞপ্তি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৯. সহকারী পরিচালক, রপ্তানী উন্নয়ন ব্যুরো, সাতার টাওয়ার (৫ম তলা), এসএম মাল্লেহ রোড, টানবাজার, নারায়ণগঞ্জ।
১০. পি এ টু মহা-পরিচালক (বস্ত্র), রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা। (মহা-পরিচালক (বস্ত্র) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. স্টাফ-অফিসার টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা। (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

আপনারসমিতির সদস্যদের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো।